# হীরামঞ্জিল

# হীরামঞ্জিল

আশুতোষ মুখোপাধ্যায়



দে'জ পাবলিশিং ॥ কলিকাতা ৭০০০৭৩

প্রকাশক :
সুধাংশুশেখর দে
দে'জ পাবলিশিং
১৩ বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট
কলিকাতা-৭০০০৭৩

প্রচ্ছদ :
গৌতম রায়

মুদ্রাকর :
সন্ধ্যারাণী পান
আদ্যাশক্তি এন্টারপ্রাইজ
৩২/২ সাহিত্য পরিষদ স্ট্রীট
কলিকাতা-৭০০০০৬

অজয় বসু

প্রিয়বরেষু

শ্রীমতী অঞ্জলি বসু

সুচরিতাসু

## আমাদের প্রকাশিত এই লেখকের অন্যান্য বই

এক রমণীর যুদ্ধ
সবুজ তোরণ ছাড়িয়ে
সজনীর রাত পোহালো
পরকপালে রাজারাণী
দিনকাল
নিষিদ্ধ বই
আরো একজন
বাসকশয়ন
পুরুষোত্তম
মেঘের মিনার
আনন্দরূপ
ছুটি প্রতীক্ষার কারণে
খনির নতুন মণি
অপরিচিতের মুখ
রূপের হাটে বিকিকিনি
আবার আমি আসবো
ফয়সলা
সিকেপিকেটিকে
পিন্‌ডিদার গপ্‌পো
লীডার বটে পিন্‌ডিদা
পিন্‌ডিদার পঞ্চবাণ

হীরামানিক

স্টেশনে কেউ নেই দেখে মনে মনে একটু অবাকই হলাম। কেউ বলতে স্বয়ং বন্ধুকেই আশা করেছিলাম।

বন্ধুটি এখন পাকাপোক্ত প্রবাসী। ষোলো সতেরো বছর টানা ইউ পি'র প্রয়াগ-ধামে আছে। আগে কলকাতার এক নামী বে-সরকারী কলেজের মাস্টার ছিল। নামের আগে পরে বিশ্ববিদ্যালয়ের উজ্জ্বল ছাপ কিছু ছিল। তবু এখানে গুণের কদর খুব হয়নি, কিন্তু চেষ্টা বা তদবির তদারকের ব্যাপারে মানুষটা একটু বেশি নির্লিপ্ত। নাম সুভাষ গাঙ্গুলি। প্রয়াগ-ধামের বিশ্ববিদ্যালয় তাকে টেনেছে। সেই থেকে প্রবাসী। দু' আড়াই বছরে সপরিবারে একবার করে কলকাতায় আসত। তখন আমার ডেরাই তার ডেরা। কিন্তু ছেলে মেয়ে স্ত্রী চাইলেও বেশি দিন থাকত না। বলত হাঁপ ধরে যায় বাপু, এখানকার এত হৈ-হট্টগোল বেশি দিন ভাল লাগে না। ফেরার আগে প্রত্যেক বারই আমাদের সাদর আমন্ত্রণ জানিয়ে যেত। একবার যেন অবশ্যই যাই।

এ-যাবৎ যাওয়া হয়নি। তার বড় কারণ আমার পারিবারিক জীবনে একটা দুর্যোগ দীর্ঘকাল ধরে থিতিয়ে ছিল। তাই সময় সুযোগও সীমাবদ্ধ ছিল।

গেল বছর বন্ধুর স্ত্রী বিয়োগ হয়েছে। এ-বছর আমার চাকরি থেকে অবসর। তাই অখণ্ড অবকাশ। যাওয়াটা প্রায় হঠাৎই ঠিক করে ফেলেছিলাম। যাওয়ার দিন আষ্টেক আগে চিঠি দিয়েছিলাম, ওমুক দিন ওমুক গাড়িতে যাচ্ছি। দিন চারেক আগে আরো একখানা চিঠি দিয়েছিলাম।